

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী।
principal.fenizonal@gmail.com

স্মারক নং-৪৭.৬১.০০০০.৪৩১.০২৫.৩৩.৬৯-৮৩

তারিখঃ ২৭/০৪/২০২২ খ্রি.

বিষয় : “ আইজিএ-ছাদ কৃষি ও বাড়ির আঙ্গিনায় সবজি এবং ফলচাষ (সিডিএফ) ” শীর্ষক প্রশিক্ষণ কোর্সে পুরুষ প্রশিক্ষণার্থী মনোনয়ন সংক্রান্ত।
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনীতে আগামী ১৬/০৫/২০২২ খ্রি. হতে ২০/০৫/২০২২ খ্রি. পর্যন্ত ০৫ দিন ব্যাপী “ আইজিএ ছাদ কৃষি ও বাড়ির আঙ্গিনায় সবজি এবং ফলচাষ (সিডিএফ) ” শীর্ষক প্রশিক্ষণ কোর্স স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত স্বাস্থ্য বিধি সংক্রান্ত নির্দেশনা অনুসরণ পূর্বক অনুষ্ঠিত হবে। উক্ত প্রশিক্ষণ কোর্সে তাঁর জেলা হতে নিম্নবর্ণিত লক্ষ্যমাত্রা অনুযায়ী কার্যকর ও সফল সমবায় সমিতির আগ্রহী ও সক্রিয় পুরুষ সদস্য মনোনয়ন পূর্বক প্রশিক্ষণার্থী প্রেরণের জন্য অনুরোধ করা হল।

ক্রঃনং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা	ক্রঃ নং	জেলার নাম	প্রশিক্ষণার্থীর সংখ্যা
১.	চট্টগ্রাম	০৩ জন	৬.	ফেনী	০২ জন
২.	কুমিল্লা	০৩ জন	৭.	লক্ষ্মীপুর	০২ জন
৩.	নোয়াখালী	০৩ জন	৮.	বান্দরবান	০২ জন
৪.	কক্সবাজার	০৩ জন	৯.	খাগড়াছড়ি	০২ জন
৫.	চাঁদপুর	০৩ জন	১০.	রাঙ্গামাটি	০২ জন

◆ মনোনয়ন প্রাপ্ত প্রশিক্ষণার্থীকে আগামী ১৫/০৫/২০২২ খ্রি. তারিখ সন্ধ্যা ০৬.০০ ঘটিকার মধ্যে অত্র ইনস্টিটিউটের হোস্টেলে রিপোর্ট করতে হবে।

◆ এসএসসি কিংবা এর সমমানের নিম্নে কাউকে এ কোর্সে মনোনয়ন দেয়া যাবে না;


◆ ইতঃপূর্বে এ জাতীয় প্রশিক্ষণ গ্রহণকারী কাউকে মনোনয়ন প্রদান করা যাবে না;

◆ বয়স্ক ও অসুস্থ কাউকে প্রেরণ করা যাবে না এবং কোর্সটি আবাসিক হওয়ায় শুধুমাত্র প্রশিক্ষণার্থীদের অবস্থান বাঞ্ছনীয়;

◆ প্রশিক্ষণার্থীগণ সমবায় অধিদপ্তর কর্তৃক নির্ধারিত হারে যাতায়াত ভাতা পাবেন।

ইনস্টিটিউটের অবস্থানঃ ফেনী মহিপাল সিএনজি স্ট্যান্ড থেকে পশ্চিমে ফেনী-বিরলী সড়কে তেমুহনী বাজারের পর সমবায় ইনস্টিটিউটের অবস্থান। মোবাইল: ০১৮১৫০৫৮৬১৭/ ০১৮২৮১৪৪২৩৪ (আবদুল আজিজ, হোস্টেল সুপার)

উল্লেখ্য যে চলমান করোনা কালীন সময়ে স্বাস্থ্য মন্ত্রণালয় কর্তৃক নির্দেশিত স্বাস্থ্য বিধি অনুসরণ করে প্রশিক্ষণে অংশ গ্রহণের লক্ষ্যে প্রয়োজনীয় প্রস্তুতি নিয়ে আসতে হবে।


(শাহনেওয়াজ চৌধুরী)
অধ্যক্ষ (উপ-নিবন্ধক)
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী।
ফোনঃ ০৩৩১-৬১৮৪১


প্রাপক : জেলা সমবায় অফিসার

স্মারক নং-৪৭.৬১.০০০০.৪৩১.০২৫.৩৩.৬৯-৮৩

তারিখঃ ২৭/০৪/২০২২ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল।

১. অধ্যক্ষ-অতিরিক্ত নিবন্ধক, বাংলাদেশ সমবায় একাডেমী, কোটবাড়ী, কুমিল্লা।
২. যুগ্ম-নিবন্ধক, বিভাগীয় সমবায় দপ্তর, চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।
৩. উপ-নিবন্ধক (ইপি), সমবায় অধিদপ্তর, ঢাকা।


অধ্যক্ষ(উপ-নিবন্ধক)
আঞ্চলিক সমবায় ইনস্টিটিউট, ফেনী।